



পাঠ ৪৮ ^{せわ}いろいろお世話になりました
ইরোইরো ওসেওয়া নি নারিমাশতা

けんた কেন্তা	からだ 体に気をつけて。 কারাদা নি কিওৎসুকেতে।	অনুগ্রহ করে নিজের যত্ন নেবেন।
さくら সাকুরা	タイに着いたら連絡してね。 তাই নি তৎসুইতারা, রেন্নাকু শিতে নে।	থাইল্যান্ডে পৌঁছে যোগাযোগ করবেন কিন্তু।
アンナ আন্না	はい。いろいろお世話になりました。 けんたさんとさくらさんもお元気で。 হাই। ইরোইরো ওসেওয়া নি নারিমাশতা। কেন্তা-সান তো সাকুরা-সান মো ওগেংকি দে।	হ্যাঁ! আপনাদের সব রকম সহযোগিতার জন্য ধন্যবাদ। কেন্তা-সান আর সাকুরা-সান, আপনারাও নিজেদের দিকে খেয়াল রাখবেন।



ব্যাকরণের টিপস্

① কিওৎসুকেতে (নিজের প্রতি খেয়াল রাখুন/সতর্ক থাকুন)

- কিওৎসুকেতে কথাটি কিওৎসুকেমাস্ (খেয়াল রাখা) ক্রিয়ার তে-রূপ।
- এই ক্রিয়াপদের কর্ম নির্দেশ করতে, অর্থাৎ যে বিষয়ে সতর্ক থাকা দরকার, তা নির্দেশ করতে নি পার্টিকেল ব্যবহার করা হয়।

যেমন) কুরুমা নি কিওৎসুকেতে। (গাড়ির ব্যাপারে সতর্ক থাকবেন)

② বিদায়কালীন সম্ভাষণ

ইরোইরো ওসেওয়া নি
নারিমাশতা।
(যাবতীয় সহযোগিতার জন্য
ধন্যবাদ।)



ওগেংকিদে
(সুস্থ থাকুন)

সায়োওনারা
(বিদায়)

... 10... 11... 12... 13... 14... 15... 16... 17... 18... 19... 20... 21... 22... 23... 24... 25... 26... 27... 28... 29... 30...

ধন্যাত্মক শব্দ



আহাहा



উফুফু



এটি হল আনন্দে অউহাসির ভঙ্গি।

এটি দিয়ে বোঝায় প্রধানত মেয়েদের চাপা হাসি।